

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮-৮৭
কমলপুর, ১৬ নভেম্বর, ২০২৪

সবাই মিলে ত্রিপুরাকে সমৃদ্ধশালী হিসেবে গড়ে তুলতে হবে : রাজীব ভট্টাচার্য

শ্রীকৃষ্ণের বাণীকে অনুসরণ করে আমাদের সমাজ জীবনে অধর্মকে বিনাশ করতে হবে। সমাজের অশুভ শক্তির বিনাশ ঘটাতে হবে। আমাদের সমাজব্যবস্থায় অশুভ শক্তির কোন স্থান নেই। গতকাল ৫ দিনব্যাপী কমলপুর মহকুমার বড়লুতমা মহারাস মেলার সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য একথা বলেন। সাংসদ বলেন, সকলে মিলে ত্রিপুরাকে সমৃদ্ধশালী করতে হবে। তিনি আরও বলেন, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা সংকল্প নিয়েছেন ত্রিপুরা রাজ্যকে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা হিসেবে গড়ে তুলতে। এই সংকল্প যাত্রায় রাজ্যের সকল স্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। এছাড়াও সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক স্বপ্ন দাস পাল, ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস। কমলপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা।
